# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৪৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. প্রথম অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু‘আ

## بَابُ الدُّعَاءِ فِي التَّشَهُّدِ

---

### আরবী

وَعَنِ الْبَرَاءِ قَالَ: كُنَّا إِذَا صَلَّيْنَا خَلْفَ سَوَّلَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحْبَبْنَا أَنْ نَكُونَ عَنْ يَمِينِهِ يُقْبِلُ عَلَيْنَا بِوَجْهِهِ قَالَ: فَسَمِعْتُهُ يَقُولُ: «رَبِّ قِنِي عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ أَو تجمع عِبَادك» . رَوَاهُ مُسلم

### বাংলা

৯৪৭-[৯] বারা ইবনু ’আযিব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করার সময় তাঁর ডান পাশে থাকতে পছন্দ করতাম। তিনি যেন সালাম ফিরাবার পর সর্বপ্রথম আমাদের দিকে মুখ ফিরিয়ে বসেন। বর্ণনাকারী (বারা) বলেন, একদিন আমি শুনলাম তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, ’’রব্বি ক্বিনী ’আযা-বাকা ইয়াওমা তাব্’আসু আও তাজমা’উ ’ইবা-দাকা’’। অর্থাৎ- ’’হে আমার রব! তুমি আমাকে তোমার ’আযাব হতে বাঁচাও। যেদিন তুমি তোমার বান্দাদের হাশরের (হাশরের) ময়দানে উঠাবে অথবা একত্র করবে’’। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৭০৯, তিরমিযী ৩৩৯৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘কাতারের যে স্থানটি বেশি ভালো’ অধ্যায় অনুরূপ ইবনু মাজাহ্ও বেঁধে দেন بَابُ فَضْلِ مَيْمَنَةِ الصَّفِّ ডান কাতারের ফাযীলাতের অধ্যায়। আর ইমাম নাবাবী মুসলিমের শরাহতে অধ্যায় বেঁধে দেন بَابُ اِسْتِحْبَابُ يَمِيْنِ الْإِمَامِ “ইমামের ডানে (দাঁড়ানো) ভালো এর অধ্যায়”।

কারো মতেঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর চেহারা আমাদের দিকে করতেন তথা ডানদিকে

করতেন সালামের সময় বাম দিকের পূর্বে, সুতরাং আমরা (সাহাবীরা) ভালোবাসতাম সালামে তাঁর দৃষ্টি প্রথমে আমাদের দিকে পড়বে।

এর উপর হাদীসের দলীল প্রমাণিত হয় না যে, সালাত (সালাত/নামায/নামাজ) শেষে ডানবাসীদের উপর ফিরতেন এবং বসা অবস্থায় ও ক্বিবলাহ্ (কিবলাহ/কিবলা) হতে ফিরে তাদের অভিমুখে হতেন। তবে কোন দ্বন্দ্ব হবে না সামুরাহ্ ও বারা এর হাদীসের মধ্যে যদি দলীল গ্রহণ করা হয় সকল মুক্তাদীর দিকে ফিরতেন।

بَابٌ يَسْتَقْبِلُ الْإِمَامِ النَّاسِ إِذَا سَلَّمَ ইমাম সালাম শেষে জনগণের উদ্দেশে অভিমুখী হবেন, অতঃপর তিনি শক্ত করে বলেছেন সুন্নাত হলো সকল মুক্তাদীমুখী হওয়া।

بَابُ الْإِنْفِتَالِ وَالْإِنْصِرَافِ عَنِ الْيَمِيْنِ وَالشِّمَالِ ডান ও বাম দিকে ফিরে বসার অধ্যায়ে আনাস (রাঃ)-এর আসার রয়েছে। “তিনি ডান ও বাম দিকে ফিরতেন।”

আর কুসতুলানী বলেন, ব্যাখ্যায় اَلْإِنْفِتَالُ শব্দের অর্থ সকল মুক্তাদীমুখী হওয়া। اَلْإِنْصِرَافُ শব্দের অর্থ প্রয়োজনে ডান ও বাম দিকে হওয়া।

অনুরূপ ব্যাখ্যা যায়ন ইবনু মুনীরও দিয়েছেন যে, ইমাম বুখারী অধ্যায় বেঁধে সমাধান করেছেন ইনফিতাল ও ইনসিরাফ-এর মধ্যে এদিকে ইঙ্গিত করেছেন যে, কোন পার্থক্য নেই। আর সালাত আদায়কারীর মাঝে অবস্থান করে সকল মুক্তাদীমুখী হওয়া ও প্রয়োজনের উদ্দেশে ধাবিত হওয়ার হুকুমের মাঝে। قِنِيْ عَذَابَكَ আমাকে রক্ষা করুন আপনার অনুগ্রহ ও অনুকম্পার দ্বারা আর এটা উম্মাতকে শিক্ষাদান অথবা তার রবের প্রতি বিনয়ী হওয়া উদ্দেশ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55506

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন